আলমডাঙ্গায় রেড ক্রিসেন্ট সোসাইটির উদ্যোগে কম্বল বিতরণ

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি চুয়াডাঙ্গা ইউনিটির উদ্যোগে শীর্তাতদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

আজ বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে আলমডাঙ্গায় এ কম্বল বিতরণ করা হয়। আলমডাঙ্গার ডাকবাংলো চত্বরে শতাধিক মানুষের মাঝে এ কম্বল বিতরণ করা হয়।

কম্বল বিতরণকালে উপস্থিত ছিলেন- রেড ক্রিসেন্ট সোসাইটি চুয়াডাঙ্গা ইউনিটির সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম সান, সদস্য এনটিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি এ্যাডভোকেট রফিকুল ইসলাম,সদস্য চুয়াডাঙ্গা পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আব্দুল কাদের, সদস্য হাবিবুল্লাহ জোয়ার্দ্দার ছটি,আজীবন সদস্য সিরাজুল ইসলাম,সদস্য মাহমুদুল কাউনাইনসহ আরও অনেকে।

মেহেরপুরে রেড ক্রিসেন্ট

সোসাইটির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরে রেড ক্রিসেন্ট সোসাইটির ৫১ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। মেহেরপুর ইউনিট রেড ক্রিসেন্ট সোসাইটির আয়োজনে শনিবার (২ ডিসেম্বর) সকাল ১১ টার দিকে মেহেরপুর জেলা পরিষদের সভা কক্ষে এ বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

জেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর ইউনিট রেড ক্রিসেন্ট সোসাইটির সভাপতি আব্দুস সালামের সভাপতিত্বে বার্ষিক সাধারণ সভায় রেড ক্রিসেন্ট সোসাইটির ভাইস-চেয়ারম্যান এ্যাড. ইয়ারুল ইসলাম,

সাধারণ সম্পাদক খন্দকার একরামুল হক, সদস্য এ্যাড. এ কে এম শফিকুল আলম, এ্যাড. খন্দকার আব্দুল মতিন, শামীম আরা হারী, কে এম ফজলুল করিম, মোঃ সাজ্জাদুল, যুবনেতা খন্দকার শামসুজোহা সোহাগ প্রমুখ উপস্থিত ছিলেন।

বার্ষিক সাধারণ সভার পরে বাংলাদেশ রেড ক্রিসেন্ট মেহেরপুর ইউনিটের ত্রৈ-বার্ষিক নির্বাচনের ফলাফল ঘোষণা করা হয়।

মেহেরপুরে রেড ক্রিসেন্ট

সোসাইটির কম্বল বিতরণ

মেহেরপুরে তিনশত শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। মঙ্গলবার বেলা ১১ টার দিকে মেহেরপুর জেলা পরিষদ প্রাঙ্গনে রেড ক্রিসেন্ট সোসাইটির উদ্যোগে এই কম্বল বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা রেড ক্রিসেন্ট সোসাইটির সভাপতি অ্যাডভোকেট আব্দুস সালাম উপস্থিত থেকে কম্বল বিতরণ করেন।

এসময় আরও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা রেড ক্রিসেন্ট সোসাইটির সেক্রেটারি অ্যাডভোকেট একরামুল হিরা, যুব প্রধান খন্দকার শামসুজ্জোহা সোহাগ, জেলা রেড ক্রিসেন্ট সোসাইটির নির্বাহী সদস্য অ্যাডভোকেট শফিকুল ইসলাম, আব্দুর রব প্রমুখ।

ঝিনাইদহে রেড ক্রিসেন্ট সোসাইটির মতবিনিময় সভা

[redacted]

[redacted] [redacted] [redacted] [